

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০১৬খ্রিঃ (১৪৩৭হিজঃ) সনে অনুষ্ঠিতব্য হজ ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ব্যাংক, বিজনেস অটোমেশন, এ-টু-আই, স্পেশাল ব্রাঞ্চ, ইমিগ্রেশন, নির্বাচন কমিশন সচিবালয়সহ সংশ্লিষ্ট সকলের সাথে মত বিনিময় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ আব্দুল জলিল
ভারপ্রাপ্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ : ১০.০২.২০১৬খ্রিঃ
সময় : সকাল ১১.৩০ মিঃ
স্থান : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভা কক্ষ (ভবন নং-৬ রুম নং-১৫১৫) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী : পরিশিষ্ট-ক

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন), জনাব মোঃ শহিদুজ্জামান সভায় সভার পটভূমি তুলে ধরেন। অতঃপর সভাপতি পরিচয় বিনিময় করতঃ সভায় প্রারম্ভিক বক্তব্য রাখেন। তিনি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানান। সভায় অবহিত করা হয় যে, বিজনেস অটোমেশন লিঃ হজযাত্রীদের প্রাক-নিবন্ধনের যাবতীয় কার্যক্রম আগামী ২৩ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ থেকে শুরু করবে। কারণ সৌদি সরকার হজ ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম ইলেকট্রনিক সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করবে। তাই আমাদেরও এর বাইরে যাওয়ার সুযোগ নেই। আরো জানানো হয় সৌদি সরকারের সঙ্গে ১৪ই ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ তারিখে হজ চুক্তি সম্পাদনের জন্য আগামী ১২ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল সৌদি আরব গমন করবেন। সেখানে কাউন্সেলর (হজ), আইটি কর্মকর্তা, সৌদি আরবস্থ বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের প্রতিনিধি উপস্থিত থাকবেন।

০২। সভায় প্রাক-নিবন্ধন কার্যক্রমের শুরুত্ব উল্লেখপূর্বক জানানো হয় যে, জাতীয় হজনীতি-২০১৬ তে প্রথমবারের মত হজে গমনেচ্ছু ব্যক্তিদের নির্ধারিত সময়ের মধ্যে প্রাক-নিবন্ধন সম্পন্ন করতে হবে এবং পরবর্তীকালে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নিবন্ধনের কাজ সম্পন্ন হবে। সরকার ধার্যকৃত ফি ও অগ্রিম জামানত অনুমোদিত ব্যাংকে জমাদানের পর সংশ্লিষ্ট ব্যাংক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রাক-নিবন্ধন ব্যবস্থায় উক্ত হজযাত্রীর টাকা প্রদানের নিশ্চয়তা প্রদান করলে সার্ভার হতে হজযাত্রীকে স্বয়ংক্রিয়ভাবে একটি ক্রমিক নম্বর দেওয়া হবে, যা হজযাত্রীর প্রাক-নিবন্ধন নম্বর হিসাবে বিবেচিত হবে। অতএব ব্যাংকের অনলাইনে তথ্য যাচাই এবং তাৎক্ষণিকভাবে টাকা জমা প্রদানের নিশ্চয়তার পরে প্রাক-নিবন্ধন নম্বরের সনদ প্রিন্ট করে দেওয়ার সক্ষমতা থাকতে হবে। হজযাত্রীগণ অথবা তাঁদের প্রতিনিধি প্রাক-নিবন্ধনের প্রাথমিক পর্যায়ে হজনীতিতে বর্ণিত স্থানসমূহ হতে একটি প্রিন্টেড ফরমসহ ব্যাংকে যাবেন। ব্যাংক ফরমের প্রদত্ত ট্র্যাকিং নাম্বারে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রাক-নিবন্ধন ব্যবস্থায় অনলাইনে ফরমটির সত্যতা ও জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্র (প্রয়োজ্য ক্ষেত্রে) যাচাই করে এবং তথ্য ঠিক থাকলে টাকা গ্রহণ করে অনলাইনে টাকা প্রাপ্তি নিশ্চিত করা সাপেক্ষে হজযাত্রীর প্রাক-নিবন্ধন ক্রমিক নম্বর পাওয়া যাবে। ব্যাংক হজযাত্রীগণকে প্রাক-নিবন্ধনের ক্রমিক নম্বরের একটি প্রিন্ট আউট অনলাইন থেকে প্রিন্ট করে দিবে। এ কাজটি হজযাত্রীর নিকট হতে টাকা জমা গ্রহণের সময়ই করতে হবে বিধায় যে সকল ব্যাংকের দেশব্যাপী সকল শাখায় ইন্টারনেট সংযোগ এবং ফরম প্রিন্ট আউট করার সুযোগ আছে এবং নিশ্চিতভাবে উপরোক্ত উক্ত সেবা প্রদানে অগ্রহীণ সে সকল ব্যাংকের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রাক-নিবন্ধনের অর্থ গ্রহণের চুক্তি হতে পারে।

০৩। অধিকন্তু, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে সম্পাদিত চুক্তি অনুযায়ী হজযাত্রীদের জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের ক্ষেত্রে নির্বাচন কমিশন সার্বিক সহযোগিতা প্রদান করবে। এ-টু-আই, জেলা প্রশাসকের কার্যালয়, ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) সহ সংশ্লিষ্ট সকল দপ্তরের সঙ্গে যোগাযোগ রক্ষা করবে। এছাড়া বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কোন কারণে কোন তথ্য বিভ্রাট হলে তা পুনরুদ্ধারের জন্য প্রাক-নিবন্ধন সিস্টেমের তথ্য সংরক্ষণ করবে। পুলিশের বিশেষ বিভাগ হজযাত্রীদের সরকার নির্ধারিত বিষয়ে যাচাইয়ের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রাক-নিবন্ধন ব্যবস্থায় সরাসরি আপডেট করবে। এ জন্য প্রয়োজনীয় কারিগরি সহায়তার জন্য বিজনেস অটোমেশন লিঃ এর সাথে সমন্বয় করা যেতে পারে। অতঃপর বিজনেস অটোমেশন লিঃ-কে প্রাক-নিবন্ধন সিস্টেম সম্পর্কে বিস্তারিত কার্যক্রম প্রদর্শনের জন্য অনুরোধ করা হয়।

০৪। বিজনেস অটোমেশন লিঃ এর পরিচালক শোয়েব আহমেদ মাসুদ প্রাক-নিবন্ধন ব্যবস্থা এবং এর সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এর সঙ্গে সংশ্লিষ্ট বিষয়সমূহ পাওয়ার পয়েন্টে প্রদর্শন ও বিস্তারিত ব্যাখ্যা করেন। নির্বাচন কমিশনের সঙ্গে চুক্তি অনুযায়ী জাতীয় পরিচয় পত্র এবং অন্যান্য বিষয়ে সহায়তা কামনা করে কারিগরি ফোকাল পয়েন্ট নির্ধারণ, চুক্তি অনুযায়ী NID যাচাই করে যাবতীয় তথ্যাদি তাৎক্ষণিকভাবে প্রাক-নিবন্ধন সার্ভারে প্রেরণ, থানা ও জেলার কোডসহ তালিকা বিজনেস অটোমেশন লিঃ কে প্রদান এবং হজযাত্রীদের NID-তে ভুল থাকলে তা দ্রুততার সাথে সংশোধনের বিষয় উপস্থাপন করেন। ব্যাংক যাতে টাকা প্রদানের নিশ্চয়তা দিতে পারে, সে জন্য যথাসম্ভব সংক্ষিপ্ত ও সহজতর করার বিষয়টি ব্যাখ্যা করেন। সভায় ব্যাংকসমূহের শাখা পর্যায়ে হজযাত্রীদের জন্য পোস্টার বা প্রয়োজনীয় নির্দেশাবলী লাগানোর প্রয়োজনীয়তার বিষয়ে আলোচনা হয়। এ ছাড়াও পুলিশের বিশেষ ব্রাঞ্চের সঙ্গে গৃহীতব্য প্রয়োজনীয় বিষয় তুলে ধরা হয়। মন্ত্রণালয় থেকে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন ব্যবস্থা-তে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ইউজার নাম দেয়া হবে, তাদের নির্বাচিত কারিগরি ফোকাল পয়েন্টকে প্রশিক্ষণ প্রদান করা হবে যাতে তারা সঠিকভাবে প্রাক-নিবন্ধন সম্পন্ন করতে পারেন।

০৫। সভায় সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয় যে, প্রাক-নিবন্ধন কার্যক্রমের প্রতিটি বিষয় নির্ধারিত সময়ের মধ্যে আরম্ভ ও শেষ করতে হবে। এতে কোনরূপ ব্যত্যয়ের সুযোগ নেই। সঠিক সময়ে সঠিক কাজটি সম্পন্ন করতে হবে। আর এ ক্ষেত্রে প্রাক-নিবন্ধন কার্যক্রমে যে সমস্ত ব্যাংক অন্তর্ভুক্ত হবে তাদেরকেই মূখ্য ভূমিকা পালন করতে হবে। এ-টু-আই প্রতিনিধিকে জানানো হয় যে, মালয়েশিয়াতে জি-টু-জি প্রক্রিয়ায় খুব স্বল্প সময়ের মধ্যেই প্রচুর বাংলাদেশী জনশক্তিকে নিবন্ধন সিস্টেমের আওতায় যেভাবে আনা সক্ষম হয়েছিল আমরা এক্ষেত্রেও এ-টু-আই এর পক্ষ থেকে একই রকম সহযোগিতা প্রত্যাশা করছি।

০৬। জনাব মোঃ মাজেদুল ইসলাম, প্রোগ্রাম কো-অডিনেটর, এ-টু-আই জানান যে, বিজনেস অটোমেশন লিঃ এর সঙ্গে ইতোমধ্যে ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। তাঁরা প্রাক-নিবন্ধন বিষয়ে বিস্তারিত ধারণা পেয়েছেন। সভাকে তিনি আশ্বস্ত করেন যে, সারা দেশে ৩২ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণের মাধ্যমে ৬৪ জেলাতেই প্রশিক্ষণ সম্প্রসারিত করা হবে। পরবর্তীতে সভাপতির অনুরোধে বিভাগওয়ারী প্রশিক্ষণ প্রদানে এ-টু-আই প্রতিনিধি সম্মতি জানান।

০৭। জনাব মোঃ আল মামুন, সহকারী পরিচালক, এনআইডি, নির্বাচন কমিশন সচিবালয় জানান যে, থানা ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC)-এর কোড এর বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সম্পাদিত চুক্তিতে উল্লেখ না থাকায় উহার জন্য নির্বাচন কমিশনকে পত্র দিতে হবে। প্রাক-নিবন্ধন তথ্য পরিবর্তনযোগ্য নয়, তাই জাতীয় পরিচয় পত্র সংশোধন করে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রাক-নিবন্ধন করতে হবে। বর্তমানে দেশব্যাপি সরকারি চাকুরীজীবীদের পে-ফিল্ডেশন প্রক্রিয়া চলমান থাকায় প্রাক-নিবন্ধন সম্পাদনের সময় হজযাত্রী বা হাজী বলে উল্লেখ করলে যাচাই প্রক্রিয়া সহজতর হবে।

০৮। জনাব মোহাম্মদ শাহরিয়ার আলম, অতিরিক্ত পুলিশ সুপার (ইমিগ্রেশন), স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা সভাকে জানান, ভেরিফিকেশনের সাথে সংশ্লিষ্টদের নিয়ে অতিশীঘ্র একটি সভা করতে হবে। স্পেশাল ব্রাঞ্চের রিপোর্টটি যাতে ইমিগ্রেশনের সিস্টেমে যথাসময়ে আপলোড করা যায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। হজযাত্রীদের প্রথম ফ্লাইটের পূর্বেই ভেরিফিকেশন রিপোর্ট ইমিগ্রেশনে পাঠানো নিশ্চিত করতে হবে। তিনি আরো জানান যে সকল এজেন্সি যথাসময়ে হজযাত্রীদের তথ্য ওয়েবসাইটে আপলোড করতে পারবে না তাদের পক্ষে হাজী প্রেরণ কোনভাবেই সম্ভব হবে না।

০৯। হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) হজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বিধায় সভায় এ বিষয়ে হাবের সহযোগিতা কামনা করা হয়। হাবের সভাপতি কে তার বক্তব্য প্রদানের জন্য আহ্বান করা হয়।

১০। জনাব মোঃ ইব্রাহিম বাহার, সভাপতি, হজ এজেন্সিজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) কৃতজ্ঞতা জানিয়ে সভায় তার বক্তব্য শুরু করেন। তিনি জানান, ডাটা এন্ট্রি এবং নিবন্ধন এক নয় এই বিষয়টি গত বছর হজযাত্রীদেরকে বুঝাতে অনেক কষ্ট হয়েছে। প্রাক-নিবন্ধন কার্যক্রম ধারণা স্পষ্ট করার লক্ষ্যে বিজনেস অটোমেশন লিঃ, ব্যাংক, স্পেশাল ব্রাঞ্চ ও হাবের আইটি কার্যে অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে একটি সভা করার প্রস্তাব করেন। তিনি ২/৩ দিনের মধ্যে মন্ত্রণালয় হতে বৈধ হজ এজেন্সির তালিকা প্রকাশ করার জন্য অনুরোধ জানান এবং সকল স্টেক হোল্ডারের কাছে নির্দিষ্ট সময়ের পূর্বেই উক্ত তালিকা পৌছানোরও অনুরোধ করেন। তিনি বলেন, ৫০ জনের গ্রুপের মধ্যে ০২ জনের সমস্যা হলে অবশ্যই সংশ্লিষ্ট এজেন্সিকে জানাতে হবে। তিনি জানান যে, কোন কোন নাগরিকের এনআইডি হয়নি। প্রবাসী বাংলাদেশীরা জানেন না তাদের হজে যেতে দ্বৈত নাগরিকত্বের সার্টিফিকেট লাগবে কিনা? তাছাড়া তিনি অভিযোগ করেন যে, কিছু কিছু ব্যাংকে হজযাত্রীরা তথ্য জানতে চাইলেও তথ্য পায় না, তাই তিনি ব্যাংকগুলোতে হেল্প ডেস্ক রাখার প্রস্তাব দেন। তিনি উল্লেখ করেন যে, গত বছর হজ প্যাকেজে সর্ব নিম্নমূল্য ৩,০৪,৯০৩.১৮ (তিন লক্ষ চার হাজার নয়শত তিন টাকা আঠার পয়সা) উল্লেখ থাকলেও কিছু কিছু প্রতিষ্ঠান হজযাত্রীদের নিকট হতে ২,৭০,০০০.০০ টাকা বা তার চেয়ে কম টাকা সংগ্রহ করেছেন। যাতে নানাবিধ সমস্যার সৃষ্টি হয়েছে। তাই তিনি ৬৪ জেলায় এ বিষয়ে প্রচারণার মাধ্যমে উক্ত টাকার নিম্নে সংগ্রহ না করার জন্য সকলকে অবহিত করার বিষয়ে অনুরোধ জানান। পাশাপাশি তিনি বিষয়টি হাবের মাধ্যমে নিশ্চিত করার জন্যও অনুরোধ জানান। এ বিষয়ে সভাপতি ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৬৪ জেলায় একত্রে প্রশিক্ষণের সময়ে

সংশ্লিষ্ট সকলকে অবহিত করার যায় মর্মে উল্লেখ করেন। সেক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ও এ-টু-আইকে পত্র দিতে হবে মর্মে সচিব মহোদয় উল্লেখ করেন। হজযাত্রীরা মিনা-আরাফায় প্রায়শ:ই হারিয়ে যান সেক্ষেত্রে কজিবেন্টের পরিবর্তে হাবের সভাপতি একটি ডিভাইসের প্রস্তাব করেন। হজযাত্রী প্রতি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ধার্য ট্যাক্স বিষয়ে সভাকে অবহিত করা হলে এ বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষের নজরে নেয়া হবে মর্মে জানানো হয়। সভাপতি, হাব বলেন, সৌদি আরবে হাজীদের অবস্থান ও চলাচল নির্ণয়ের জন্য ঘড়ি সদৃশ একটি ডিভাইস ব্যবহার করতে পারেন। বর্তমানে প্রচলিত কজিবেন্টের পরিবর্তে এটি প্রচলন করা যেতে পারে। এ বিষয়ে সভার সভাপতি বলেন, পরীক্ষামূলকভাবে হাব ২০১৬ সালে নিজস্ব অর্থায়নে হজযাত্রীদের ডিভাইস সরবরাহ করতে পারবে এবং এর ফলাফল ভালো হলে সরকার আগামী বছর থেকে উক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারে।

১১। সভায় উপস্থিত বিভিন্ন ব্যাংকের কয়েকজন প্রতিনিধি তাঁদের বক্তব্য উপস্থাপন করেন এবং তাদের নিজ নিজ ব্যাংকের করণীয় সম্পর্কে স্পষ্ট ধারণা গ্রহণ করেন।

১২। সভাপতি সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে, সকল ব্যাংকের পক্ষ থেকে আগামী ১৭.০২.২০১৬ তারিখের মধ্যে তাদের প্রাক-নিবন্ধন কার্যক্রমে সম্মতি ও আইটিতে অভিজ্ঞ কর্মকর্তার নাম মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। হজ ব্যবস্থাপনার গুরুত্ব পুনরাবলোকিত করে জাতীয় হজনীতি-২০১৬ মোতাবেক সংশ্লিষ্ট সকলের দায়িত্ব ও কর্তব্য যথাসময়ে যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করেন।

১৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

সিদ্ধান্তঃ

১. নির্বাচন কমিশন অনলাইনে প্রাক-নিবন্ধন ব্যবস্থা হতে NID এর চাহিত তথ্য যাচাইয়ের কাজটি তাৎক্ষণিকভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় কারিগরি উদ্যোগ গ্রহণ করবে এবং এ বিষয়ে কারিগরি সহায়তা তত্ত্বাবধায়ন করার জন্য একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োজিত করবে। চুক্তি অনুযায়ী জাতীয় পরিচয়পত্রের যাবতীয় তথ্যাবলী যাতে তাৎক্ষণিক ভাবে পাওয়া যায়, তা নিশ্চিত করবে। এছাড়াও জেলা ও থানার তালিকা এবং কোড নম্বর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আইটি প্রতিষ্ঠান বিজনেস অটোমেশন লিমিটেডকে অবিলম্বে প্রদান করবে। নির্বাচন কমিশন ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত MOU যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। থানা ও উপজেলা কোড প্রদানের বিষয়টি MOU তে অন্তর্ভুক্তির নিমিত্ত ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্বাচন কমিশনকে অনুরোধ করে পত্র প্রেরণ করবে।

২. হজযাত্রীদের জাতীয় পরিচয়পত্রে ভুল থাকলে তা নির্বাচন কমিশন দ্রুততার সঙ্গে সংশোধনের ব্যবস্থা নিবে এবং এক্ষেত্রে ঢাকাসহ মাঠ পর্যায়ে হজযাত্রীদের আলাদাভাবে সহযোগিতা করবে। নিবন্ধনের পূর্বেই যাতে হজ গমনেচ্ছু হাজীদের NID সংশোধনের প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করা যায় সে বিষয়টি নির্বাচন কমিশন নিশ্চিত করবে।

৩. ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের উদ্যোক্তারা যাতে তাদের বর্তমান পোর্টাল হতে API এর মাধ্যমে প্রাক-নিবন্ধন ব্যবস্থায় সরাসরি লগইন করতে পারেন এজন্যে এ-টু-আই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের নিয়োজিত আইটি প্রতিষ্ঠান বিজনেস অটোমেশনের মাঠ পর্যায়ের কারিগরি প্রশিক্ষণ কর্মসূচিতে এ-টু-আই তাদের পক্ষে সম্ভাব্য সকল প্রকার সহায়তা প্রদান করবেন, যাতে প্রশিক্ষণ কর্মসূচি স্মরণীয় সময়ে করা সম্ভব হয়।

জেলা ও উপজেলা তথ্য বাতায়নের মাধ্যমে হাজীদের প্রাক-নিবন্ধন কার্যক্রমের সঠিক তদারকি করবে এ-টু-আই এবং বিজনেস অটোমেশন লিঃ এক্ষেত্রে এ-টু-আই এর সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে উদ্ভূত সমস্যাসমূহ চিহ্নিত করে তাৎক্ষণিকভাবে সমাধান করবে।

ভিডিও কনফারেন্স এর মাধ্যমে একই সঙ্গে সকল জেলাকে নিয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ, বিসিসি ও এ-টু-আই এর সহযোগিতা চেয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় পত্র প্রেরণ করবে।

৫. পুলিশের বিশেষ বিভাগের সঙ্গে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে নিয়োজিত আইটি প্রতিষ্ঠান বিজনেস অটোমেশন এর প্রয়োজনীয় কারিগরি কাজের সমন্বয়ের জন্য একটি পৃথক সভা অনতিবিলম্বে করা হবে।

স্পেশাল ব্রাঞ্চ নির্ধারিত তারিখের মধ্যে রিপোর্ট প্রেরণ নিশ্চিত করবে। এক্ষেত্রে ইমিগ্রেশনের সাথে তারা সমন্বয় সাধন করবে। তাদের সঙ্গে প্রয়োজনে বিজনেস অটোমেশন সহযোগিতা প্রদান করবে। হজের প্রথম ফ্লাইট এর পূর্বেই হজযাত্রীদের ভেরিফিকেশন রিপোর্ট ইমিগ্রেশন এ প্রেরণ করতে হবে।

৬. যে সকল ব্যাংক প্রাক-নিবন্ধন এবং নিবন্ধন পরবর্তী কাজ সম্পাদন করতে সক্ষম এবং প্রাক-নিবন্ধনের টাকা সংগ্রহে অগ্রহী তারা এ বিষয়ে তাদের ব্রাঞ্চ পর্যায়ে কারিগরি সক্ষমতার বিবরণ এবং অনধিক দুইজন ফোকাল পয়েন্ট

ব্যক্তির তথ্যাবলীসহ আঘ্রহপত্র আগামী ১৭ই ফেব্রুয়ারী ২০১৬খ্রিঃ তারিখের মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। যার একটি কপি moragovbd@gmail.com-তে প্রেরণ করবে।

৭. আশকোনাস্থ হজ অফিসে পরিচালক, হজ অফিস, প্রতিনিধি হাব, প্রতিনিধি বিজনেস অটোমেশন লিমিটেড এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত ব্যাংকসমূহের সমন্বয়ে একটি সভা আগামী ২২ শে ফেব্রুয়ারি ২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে। সভায় প্রাক-নিবন্ধনের খুঁটিনাটি এবং ব্যাংক কর্তৃক হজযাত্রীর টাকা গ্রহণের বিষয়টি আইটি সিস্টেমে অন্তর্ভুক্তির নিশ্চয়তা সম্পর্কে আলোচনা করা হবে। সভায় ভারপ্রাপ্ত সচিব মহোদয় উপস্থিত থাকবেন।

৮. প্রাক-নিবন্ধনকারী হজযাত্রীর অর্থ সংশ্লিষ্ট ব্যাংকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে তালিকাসহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সোনালী ব্যাংকের হিসাবে প্রেরণ করবে। যার একটি কপি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এই অর্থ প্রদান কিভাবে নিশ্চিত হবে তা প্রতিটি ব্যাংক সোনালী ব্যাংকের সাথে চুক্তির মাধ্যমে চূড়ান্ত করবে এবং সোনালী ব্যাংক চুক্তি সম্পাদন করে সংশ্লিষ্ট ব্যাংককে প্রয়োজনীয় সম্মতিপত্র দেয়ার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে চুক্তিসহ অনুরোধ করবে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষে লিড ব্যাংক হিসাবে সোনালী ব্যাংক লিঃ, হজে গমনেচ্ছুদের নিবন্ধন কার্যক্রম অনলাইন-এ সম্পন্ন করার মতো সক্ষম ব্যাংকসমূহের (ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত/তালিকাভুক্ত ব্যাংক) সাথে সার্বিক বিষয়াদির সমন্বয় করবে।

৯. সোনালী ব্যাংক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের Central Collecting Bank হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে এ বিষয়ে পূর্বের ধারাবাহিকতায় একটি চুক্তি সম্পাদন করবে।

১০. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ এজেন্সির তালিকা প্রকাশ করত: দ্রুত সংশ্লিষ্ট সকলকে সরবরাহ করা হবে।

১১. ব্যাংক, এসবি, হাব, নির্বাচন কমিশন, ইমিগ্রেশন এর আইটি বিশেষজ্ঞদের নিয়ে জরুরিভিত্তিতে একটি কর্মশালার আয়োজন করা হবে।

১২. Non-Resident Bangladeshi (NRB)-দের ক্ষেত্রে দ্বৈত নাগরিকত্বের সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে। তবে NID অথবা যে দেশে বসবাসরত ঐ দেশের ID দিলেও চলবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে এবং সভায় উপস্থিত হওয়ার জন্য আবারও সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

তারিখঃ ১১/০২/২০১৬

(মোঃ আব্দুল জলিল)

ভারপ্রাপ্ত-সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।


তারিখঃ ১২/০২/২০১৬ খ্রিঃ

নং-১৬.০০.০০০০.০০৩.০৬.০০২.১৪.১৯৭

১. সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :
২. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. যুগ্ম-সচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিশেষ পুলিশ সুপার (ইমিগ্রেশন/ভেরিফিকেশন), স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
৭. উপ-সচিব (প্রশাসন/হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জনার মোঃ ছালামত উল্লাহ মিঞা, উপ পরিচালক, এনআইডি, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
12. Managing Director, AB Bank Limited, BCIC Bhaban, 30-31 Dilkusha C/A, Dhaka
13. Managing Director, Agrani Bank, 9d Dilkusha Commercial Area, Dhaka.
14. Managing Director, Al-Arafah Islami Bank Limited, Al-Arafah Islami Bank Limited. 36, Dilkusha(6-9 Floor) C/A Dhaka.
15. Managing Director, Bangladesh Commerce Bank Ltd. Eunoos Trade Centre (Level-22) 52-53 Dilkusha C/A Motijheel Dhaka.
16. Managing Director, Bangladesh Krishi Bank, Krishi Bank Bhaban 83-85 Motijheel Commercial Area Dhaka.
17. Managing Director, Bank Asia Limited, Rangs Tower(2nd To 6th Floor)68,Purana Paltandhaka-1000.
18. Managing Director, Brac Bank Limited, 1 Gulshan Avenue Gulshan -1 Dhaka 1212,
19. Managing Director, Dhaka Bank Limited. Biman Bhaban (1st Floor). 100, Motijheel C/A, Dhaka-1000,

অপর পাতায় দ্রঃ

20. Managing Director, Dutch Bangla Bank Limited. Head Office Phone-9574196-97, Fax-9561889
21. Managing Director, Eastern Bank Limited, Head Office Eastern Bank Ltd. 10 Dilkusha C/A Jiban Bima Bhaban, Dhaka
22. Managing Director, Export Import Bank Of Bangladesh Limited, Symphony" Plot # Se (F): 9, Road # 142. Gulshan Avenue, Dhaka.
23. Managing Director, Farmers Bank Limited, Lotus Kamal Tower-2, 59-61, Gulshan South Avenue Gulshan-1, Dhaka.
24. Managing Director, First Security Islami Bank Ltd, House- Sw(I) 1/A, Road-8, Gulshan-1, Dhaka-1212
25. Managing Director, ICB Islamic Bank Ltd, T.K. Bhaban (15th Floor), 13 Kazi Nazrul Islam Avenue Kawan Bazar, Dhaka.
26. Managing Director, IFIC Bank Limited, Head Office BDBL Building (8th – 10th & 16th – 19th Floor) 8, Rajuk Avenue, Dhaka.
27. Managing Director, Islami Bank Of Bangladesh Limited, Islami Bank Tower 40, Dilkusha C/A, Dhaka.
28. Managing Director, Jamuna Bank Limited, Head Office 2, Dilkusha C/A, Dhaka – 1000
29. Managing Director, Janata Bank, 110, Motijheel Commercial Area, Dhaka Bangladesh.
30. Managing Director, Meghna Bank Limited, 189, Motiur Rahman Tower, Water Works Road Dhaka.
31. Managing Director, Mercantile Bank Limited, Head Office 61, Dilkusha Commercial Area Dhaka-1000
32. Managing Director, Midland Bank Limited, Hong Kong Shanghai Tower, Block C, 106 Road No. 11, 1212.
33. Managing Director, Modhumoti Bank Limited, DCCI Building 3rd & 4th floor, 65-66 Motijheel C/A, Dhaka-1000.
34. Managing Director, Mutual Trust Bank Limited, Mutual Trust Bank Ltd. Corporate Head Office Mtb Centre, 26 Gulshan Avenue Plot-5, Block Se (D), Gulshan-1, Dhaka-1212.
35. Managing Director, National Bank Limited, 18 Dilkusha Commercial Area, Dhaka
36. Managing Director, Ncc Bank Limited, 7-8, Motijheel C/A, Dhaka -1000
37. Managing Director, NRB Bank Limited, Richmond Concord (7th Floor), 68 Gulshan Avenue Gulshan Circle -01, Dhaka.
38. Managing Director, One Bank Ltd, Hrc Bhaban 46, Kawran Bazar C/A Dhaka-1215
39. Managing Director, Prime Bank Limited, Adamjee Court Annex Building-2, 119-120, Motijheel C/A, Dhaka.
40. Managing Director, Pubali Bank Limited- Head Office, 26, Dilkusha Commercial Area, Dhaka
41. Managing Director, Rajshahi Krishi Unnoyon Bank, Head Office, Rajshahi.
42. Managing Director, Rupali Bank Ltd. Head Office, Computer Division, 9th Floor, 34 Dilkusha C/A, Dhaka-1000
43. Managing Director, Sbac Bank Limited, Principal Branch, 47 Dilkusha, Zaman Chamber, Dhaka.
44. Managing Director, Shahjalal Islami Bank Limited., Uday Sanz, Plot No. Se (A)2/B Gulshan South Avenue Gulshan-1, Dhaka.
45. Managing Director, Social Islami Bank Limited, 103, Motijheel Commercial Area Dhaka-1000
46. Managing Director, Sonali Bank Limited, 35-42, 44 Motijheel Commercial Area, Dhaka.
47. Managing Director, South Bangla Agriculture And Commerce Bank Ltd, 37, Dilkusha, Motijheel, Dhaka.
48. Managing Director, Southeast Bank Limited, Eunoos Trade Center 52-53, Dilkusha, C/A (Level-2, 3, 4 & 16) Dhaka.
49. Managing Director, Standard Bank Limited, Metropolitan Chamber Building (3rd Floor) 122-124 Motijheel C/A, Dhaka.
50. Managing Director, The City Bank Limited, City Bank Center 136, Gulshan Avenue, Gulshan-2 Dhaka-1212
51. Managing Director, The Premier Bank Limited, Iqbal Centre 42 Kemal Ataturk Avenue, Banani, Dhaka-1213
52. Managing Director, Trust Bank Limited, Peoples Insurance Bhaban, 36, Dilkusha C/A (2nd, 16th & 17th Floor), Dhaka.
53. Managing Director, Union Bank Ltd, Union Bank Ltd, Bahela Tower, 72, Gulshan Avenue, Gulshan -1, Dhaka.
54. Managing Director, United Commercial Bank Limited, Plot-Cws- (A)-1 Road No-34 Gulshan Avenue, Dhaka 1212
55. Managing Director, Uttara Bank Limited, Uttara Bank Bhaban 47, Bir Uttom Shahid Ashfaq-Us-Samad Road (90, Motijheel Commercial Area), P.O. Box No. 217 & 818 Dhaka-1000.
56. Managing Director, Nrb Global Bank Ltd, Khandker Tower, 94, Gulshan Avenue, Dhaka.
57. সভাপতি/মহাসচিব, হুজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, ঢাকা।
58. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, কারওয়ান বাজার, ঢাকা
59. জনাব মোঃ মাজেদুল ইসলাম, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।


 (মোঃ শহীদুল্লাহ তালুকদার)
 সহকারী সচিব (হুজ-২)
 মোবাইল নং-০১৫৫২ ৪৫০৯৫৩।